নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
স্থাপিত-২০১৫ ইং
ISO 9001:2015 Certified


নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১

চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ- narayanganj_pbs1@ yahoo.com ওয়েব সাইটঃ- pbs1.narayanganj.gov.bd
বিদ্যুৎ মন্ত্রণালয়ের ওয়েব সাইটঃ www.mpemr.gov.bd


স্মারক নং- ২৭.১২.৬৭০৪.৫৭০.০২.০০৮.২৪. ২০৮৭

তারিখঃ ১৪ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
৩০ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

## বিষয়ঃ "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১-এ নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিলিং সহকারীগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম ও সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | বিলিং সুপারভাইজার<br><br>পদের সংখ্যা- ০২জন (কম/বেশী হতে পারে) | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ ও সর্বশেষ সার্কুলার অনুযায়ী বেতন ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে। | ক) প্রার্থীর ন্যূনতম ০৭ (সাত) বছর বিলিং সহকারী পদে নিয়মিত হিসেবে পবিস এ কাজের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) বিলিং কম্পিউটার, সার্ভার এবং অফিসের অন্যান্য যন্ত্রপাতি পরিচালন ও রক্ষণাবেক্ষণে সক্ষম হতে হবে।<br>গ) প্রতি মিনিটে বাংলায় ন্যূনতম ১০ এবং ইংরেজীতে ন্যূনতম ৩০ শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে।<br>ঘ) পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ অনুযায়ী পদোন্নতির শর্তসমূহ পূরণ হতে হবে।<br>ঙ) সংশ্লিষ্ট পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন রেটিং ন্যূনতম ৩.৫০ (প্রতিটিতে) থাকতে হবে।<br>চ) দাপ্তরিক দায়িত্ব পালনে কর্মদক্ষতা ও উন্নত কৌশল অর্জনে আগ্রহী হতে হবে। | |

**শর্তাবলীঃ**

**০১।** আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখপূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আগামী ১৩/১১/২০২৪ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকায় নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরস্থ, চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ এ উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজ পত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি।
(গ) বিগত ০৩ (তিন ) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।
(ঘ) সম্প্রতি তোলা ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।
(ঙ) জাতীয় পরিচয় পত্র/ইউনিয়ন পরিষদ/পৌরসভা চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি।
(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার /জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে) উল্লেখপূর্বক প্রত্যয়ন পত্র।
(ছ) চাকুরীজীবনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে শাস্তির কপি সংযুক্ত করতে হবে।
(জ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ঝ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (এইচআর/প্রশাসন) কর্তৃক সত্যায়িত হতে হবে।

(চলমান পাতা)

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন ;

(ঘ) বিগত ০৪ (চার ) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন ;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না ;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(ঝ) ইতোপূর্বে কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই;

**০৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ -এ উল্লেখিত বিধান / শর্তাদি পুরণ করতে হবে।

(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন-ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই।

০৮। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ প্রদান করা হবে। চলতি দায়িত্ব পালনকালীন সময়ের কর্মসম্পাদন মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা যেতে পারে। অন্যথায় পূর্ব পদে প্রত্যার্বন করানো হবে।

০৯। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টি এ/ডি এ প্রদান করা হবে না।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। তথ্য গোপন করে কোন প্রার্থী নিয়োগ প্রাপ্ত হলে প্রমাণ সাপেক্ষে চাকুরী হতে অপসারিত/বরখাস্ত করা সহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। শর্তাবলীতে উল্লেখ নেই এমন কোন বিষয়ে সমস্যার উদ্ভব হলে, কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৩০/১০/২৪
(মোঃ ইছাহাক আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়/সদয় অবগতির জন্য)**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।

০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।

০৩। পরিচালক, পবিস মানব সম্পদ/ পবিস মনিটরিং ও ব্যঃপঃ (কেঃঅঃ)/আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।

০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------পবিস-১/২/৩/৪ ⟹

০৫। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।

০৬। উপজেলা, নির্বাহী কর্মকর্তা---------------------রূপগঞ্জ/সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, নারায়ণগঞ্জ।

সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের উদ্দেশ্যে আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর জন্য এবং বাপবিবো ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**বিতরণ:**

০১। ডিজিএম, সোনারগাঁ/(সদর দপ্তর -কারিগরী)/মদনপুর/বন্দর/তারাব/নবীগঞ্জ জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-১।

০২। এজিএম (ওএন্ডএম), মেঘনাঘাট/বারদী/বরপা/তালতলা/কাঁচপুর সাব-জোনাল অফিস, নারায়ণগঞ্জ পবিস-১।

০৩। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/এমএস/প্রশাসন/ওএন্ডএম/ইএডসি/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১।

০৪। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

০৫। অফিস কপি/ মাস্টার কপি।

৩০/১০/২৪
(মোঃ ইছাহাক আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

F:\Seq\02-008. Into PBS Circular.doc